

প্ররোচনা

একেক প্রজন্ম আসে কিছু কথা জলে ভাসে
 ফের ডুবে যায়
 হে চাঁদবনী ধনি শুনেছ কি সিন্ধুনি
 বাঁশের খাঁচায় ?
 আলোচনা ব্যাতিরেকী আমাকে জানাবে নাকি
 কত ধানে চাল ঠিক কত
 ওই আকাশের গায় জেটপ্লেন এঁকে যায়
 'আধুনিক' দীর্ঘ শাদা ক্ষত!
 শিমুল পলাশ লাল না-সারানো জঞ্জাল
 শহরে নরক, কিছু শব
 পুলিশ, সাঁজোয়া জিপ রক্তহীন অন্তরীপ
 গণহত্যা এদেশে সম্ভব
 এ বলে আমায় দ্যাখ্ নীতিগ্রন্থ পুড়ে যাক
 সত্যমেব ছাই
 বাবু বলে, এসো সবে বিনিয়োগ খুব হবে
 অনর্গল কফিন বানাই
 কবিতা ছেনালি নাকি এসব ছেঁদো চালাকি
 কোথা তব প্রগাঢ় দর্শন?
 সব কথা গেল জলে কাঙাল অভীক বলে
 বাদে ঢালিয়া দিও মন।

অভীক মজুমদার

